বাংলাদেশে ক্ষমতার বদলের পেছনে দুর্বল শাসন দায়ী: অজিত দোভাল



সংগৃহীত ছবি

ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল মনে করেন, দুর্বল শাসন ব্যবস্থাই বাংলাদেশ, শ্রীলঙ্কা ও নেপালে সরকারের পরিবর্তনের মূল কারণ। তিনি বলেন, একটি দেশের জাতি গঠন ও স্থিতিশীলতা নিশ্চিত করার ক্ষেত্রে শাসন ব্যবস্থার ভূমিকা অপরিহার্য।

শুক্রবার (৩১ অক্টোবর) জাতীয় একতা দিবস উপলক্ষে বক্তৃতায় তিনি এই মন্তব্য করেন। দোভাল বলেন, শাসন ব্যবস্থা এমন একটি মাধ্যম যা রাষ্ট্রকে তার লক্ষ্য অর্জনে সাহায্য করে এবং জনগণের চাহিদা পূরণে কার্যকর ভূমিকা পালন করে।

তিনি আরও বলেন, "আজকের প্রশাসনের প্রধান চ্যালেঞ্জ হলো সাধারণ জনগণকে সন্তুষ্ট রাখা। বর্তমান সময়ের মানুষ আগের তুলনায় অনেক বেশি সচেতন, উচ্চাকাঙ্ক্ষী এবং রাষ্ট্র থেকে বেশি প্রত্যাশা রাখে। তাই সরকারেরও জনগণের সন্তুষ্টি নিশ্চিত করতে হবে।"

দোভাল বলেন, একটি জাতির শক্তি মূলত তার শাসন ব্যবস্থার মধ্যে নিহিত। যখন সরকার প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে, তখন সেই প্রতিষ্ঠানগুলোকে তৈরি ও পরিচালনা করা ব্যক্তিরাই জাতি গঠনের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন।

তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শাসন মডেলের প্রশংসা করে বলেন, "ভারত এখন এক নতুন পথচলায় প্রবেশ করেছে—যেখানে নতুন ধরনের শাসন ব্যবস্থা, সামাজিক কাঠামো এবং বৈশ্বিক অবস্থান গড়ে উঠছে। বর্তমান সরকার প্রশাসনিক দুর্নীতি দমন ও প্রাতিষ্ঠানিক সংস্কারের মাধ্যমে তা দৃঢ় করছে, এবং ভবিষ্যতে আরও গুরুত্বপূর্ণ পদক্ষেপ আসার সম্ভাবনা রয়েছে।"